

।।- সুদীপ্ত দাস ।। কৃষি বিশ্ববিদ্যালয়, ৪ঠা আগস্ট (ময়মনসিংহ)।- সম্প্রতি কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতির অষ্টাদশ জাতীয় বিজ্ঞান সম্মেলন। সমাবর্তন উৎসবের রেশ মিলিয়ে যেতে না যেতেই এ ধরনের আরো একটি অনুষ্ঠান ক্যাম্পাসকে করে রেখেছিল প্রাণচঞ্চল। এ বিজ্ঞান সম্মেলনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুসন্ধান সংলগ্ন করিডোরে আয়োজিত হয় 'বিজ্ঞান প্রদর্শনী' এবং এ প্রদর্শনীটি ছিল সম্মেলনের প্রধান আকর্ষণ। কেননা এটি ছিল সকলের জন্য উন্মুক্ত। প্রদর্শনীতে স্টল দিয়েছিল বিশ্ববিদ্যালয়ের ছ'টি অনুসন্ধান, আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ কেন্দ্র, প্রাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট, মাৎস্য বিজ্ঞান ইনস্টিটিউট। মাৎস্য বিজ্ঞান ইনস্টিটিউট বিভিন্ন ধরনের মাছ যার মাঝে রাজপুটি, বৃহদাকার গুলশা ছিল অন্যতম আকর্ষণ। মাৎস্য বিজ্ঞান অনুসন্ধান প্রদর্শন করেছে বিভিন্ন নৌকার মডেল, মাছের জন্য উন্নতমানের খাবার প্রভৃতি। 'ফার্মিং সিস্টেমস রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম'-এর স্টলে প্রদর্শিত তিন হাত লম্বা চিচিঙ্গা, রংপুর থেকে সংগৃহীত রসুন কপি ধান (একটি ধানে পাঁচটি চাল) দেখার জন্য এ স্টলে প্রচুর দর্শকের ভিড় লক্ষ্য করা যায়। কৃষি অনুসন্ধান দেখিয়েছে মৌমাছির চাষ, বিভিন্ন ধরনের পোকামাকড়, উন্নত জাতের ফসল, আলু প্রভৃতি। আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত উন্নত জাতের পাট, গ্রীষ্মকালীন টমেটো, জীবাণু সার প্রভৃতি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আকর্ষণ করেছিল উক্ত স্টল পরিদর্শনে। সবচেয়ে বেশি ভিড় ছিল ভেটেরিনারি অনুসন্ধানের স্টলে। ফরমালিনে সংরক্ষিত বিভিন্ন প্রাণীর রক্ত সঞ্চালন প্রক্রিয়া, ফুসফুসকে সুস্থ রাখার প্রক্রিয়া প্রভৃতি দেখার জন্য প্রচুর দর্শক ভিড় জমিয়েছিলেন এ স্টলে। এছাড়া পশুপালন অনুসন্ধান প্রদর্শন করে বিভিন্ন উন্নত জাতের হাঁস-মুরগি ও এদের সুস্বাদু খাদ্য। কৃষি প্রকৌশল ও কারিগরি অনুসন্ধান কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন যন্ত্র (সার ও বীজ ছিটানো যন্ত্র, মালটি পারপাস স্পেয়ার উল্লেখযোগ্য) প্রদর্শিত হয় তাদের স্টলে। তিনদিনব্যাপী প্রদর্শনীশেষে বিচারকদের রায়ে

কৃষি বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনী

প্রথম পুরস্কার লাভ করে কৃষি অনুসন্ধান, দ্বিতীয় স্থান পায় পশুপালন অনুসন্ধান এবং তৃতীয় স্থান অধিকার করে বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট। বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ডঃ মোনাওয়ার আহমেদ এবং এ অনুষ্ঠানে অন্যদের মাঝে বক্তব্য রাখেন বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ মনসুরুল আমিন ও ডঃ শরফুদ্দিন আজাদ প্রমুখ।



কৃষি বিশ্ববিদ্যালয় : বিজ্ঞান সম্মেলন উপলক্ষে আয়োজিত বিজ্ঞান প্রদর্শনীতে আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউটের স্টলে ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি পরিদর্শন করছেন জাতীয় সংসদের উপনেতা ডাঃ এ.কিউ.এম বদরুদ্দোজা চৌধুরী।
- সংবাদ